# Wonder of Sehgal Method

# ওয়ান্ডার অভ সেহ্‌গাল মেথড




সংকলন ও ভাষান্তর:

ডা. মুহাম্মদ মোয়াজ্জেম হোসেন

বি.এসসি (অনার্স), এম.এসসি (রাবি)

ডি.এইচ.এম.এস (ঢাকা)।

(২০০৪ থেকে ২০১১ সাল পর্যন্ত Aude Sapere এ প্রকাশিত প্রবন্ধ সংকলন)

# সূচিপত্র


| ক্রঃ/নং | বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১ | সাইলিশিয়া | ৩০ |
| ২ | স্ট্যাফিসেগ্রিয়া | ৫৯ |
| ৩ | ওপিয়াম | ১৩৯ |
| ৪ | প্লাটিনাম | ৭১ |
| ৫ | স্ট্রামোনিয়াম | ৮৮ |
| ৬ | স্ট্রামোনিয়ামের কিঞ্চিত বিস্ময় | ৯৭ |
| ৭ | হায়োসিয়ামাস ও স্ট্রামোনিয়ামের মধ্যে পার্থক্য | ১০২ |
| ৮ | ককুলাস ইন্ডিকাসের সাথে অন্যান্য ঔষধের পার্থক্য | ১১১ |
| ৯ | ভিরেট্রাম এল্বাম | ৯ |
| ১০ | ২০০৭ সালে ডা. এম. এল. সেহ্গালের জন্মদিনে ডা. অশোক মহোন্তির সেমিনার | ১২৫ |
| ১১ | ব্যক্তি স্বাতন্ত্র দৃষ্টিগোচর করানো | ১৩১ |
| ১২ | জেলসিমিয়ামের কিঞ্চিত বিস্ময় | ১৪৩ |
| ১৩ | ব্রায়োনিয়ার কিঞ্চিত বিস্ময় | ১৫০ |
| ১৪ | একটি গৌণ বন্ধ্যাত্বের কেস | ১৫৪ |
| ১৫ | নাক্স ভমিকার কিঞ্চিত বিস্ময় | ১৫৮ |
| ১৬ | বেলেডোনার বিস্ময় | ১৬৩ |
| ১৭. | একোনাইটের কিঞ্চিত বিস্ময় | ১৭১ |
| ১৮. | ধৈর্য ধরুন: ব্যর্থতা সর্বদাই সফলতায় পরিচালিত হয় | ৩১১ |
| ১৯. | যোগাযোগ (Communication) | ৩২২ |
| ২০. | ইগ্নেশিয়ার কিঞ্চিত বিস্ময় | ১৭৮ |
| ২১. | হিপার সালফ | ১৮৬ |
| ২২. | কস্টিকাম | ২১০ |
| ২৩. | ফসফরাস | ২২৮ |
| ২৪. | ক্যামোমিলা | ২৪০ |
| ২৫. | সিপিয়া | ২৫৪ |
| ২৬. | ভুল থেকে শিক্ষা | ২৬৯ |
| ২৭. | পালসেটিলা: আমাকে কখনো উপেক্ষা করো না। | ২৯১ |
| ২৮. | নেট্রাম মিউর | ৩০১ |

# ভিরেট্রাম এল্বাম
# (Veratrum Album)

আমি এক জোড়া কেস এর সাথে শুরু করব যা আমাকে ভিরেট্রাম এল্বাম এর সূচিমুখ দিয়ে প্রবেশ করে সম্পূর্ণতা বুঝতে সাহায্য করেছে। প্রথম কেসটি নিচে দেয়া হলো-

৪৫ বছর বয়সি একজন মহিলা গত ৩ বছর যাবত আমার নিকট থেকে বিভিন্ন রোগের জন্য চিকিৎসা নিচ্ছিল। বেশীরভাগ সময়ই সে হায়োসিয়ামস দ্বারা আরোগ্য হয়েছিল।

প্রত্যেকবারই সে বলত, ডাক্তার বাবু, আমার মনে হয় শরীরের ভিতরে খারাপ কিছু একটা হচ্ছে যা আমরা সঠিকভাবে প্রতিকার করতে সমর্থ হচ্ছিনা এবং এটা মারাত্মক সমস্যা হতে পারে যার হয়ত কোনো চিকিৎসা থাকবে না।"

তার প্রধান অভিযোগ ছিল গ্যাস্ট্রিক, অধি অম্লতা (Hyperacidity), অর্শ, মাথা ব্যাথা, গলায় ইনফেকশন এবং পুনঃপুন কাশি ও ঠান্ডা। প্রত্যেকবারই সে একই তথ্যের পুনরাবৃত্তি করত যে, সত্যিই তার ভিতরে খারাপ কিছু হচ্ছে এবং যার জন্য সে অনেক দুর্ভোগ পোহাচ্ছে।

এই কেসে হায়োসিয়ামসের বিভিন্ন শক্তির সাহায্য ৩ বছর ধরে চিকিৎসা করা হয়েছিল। পুনাক্রমণ যেমন ছিল তেমনই। আমি আশ্চর্য হলাম, কেন এই মহিলা নিরাময় হচ্ছে না। বিদেশে ছুটি কাটিয়ে এবার সে প্রচণ্ড গলা সংক্রমণ সাথে কাশি এবং মাথাব্যথা নিয়ে এল।

রোগী:- "গত এক সপ্তাহ যাবত আমি গলার সংক্রমণে ভুগছি। সারাদিন ধরে প্রচণ্ড অস্বস্তি। এমনকি সাধারণ পানি পানের সময়ও ব্যাথা করে। অস্বস্তিতে শুস্ক কাশি হয় যা সারারাত ধরে যন্ত্রণা দেয়, আমাকে শন্তিতে ঘুমাতে দেয় না।"

ডা.: "আপনি কি কোনো ঔষধ খেয়েছেন বা কোনো ডাক্তারকে দেখিয়েছেন?"

রোগীঃ- হ্যাঁ, যখন আমি বিদেশে ছিলাম। আমি একজন ইএনটি (ENT) সার্জনের পরামর্শ নিয়েছিলাম যে আমাকে এন্টিবায়োটিকের একটা কোর্স

দিয়েছিলেন যা আমাকে তাৎক্ষণিক উপশম দিয়েছিল কিন্তু এটি সম্পূর্ণ সারেনি। এক সপ্তাহ পরে এটি আবার শুরু হয়েছিল। তাই আমি আপনার কাছে এলাম।

ডা.: "আর কোনো সমস্যা?"

রোগী: এটা আমার জন্য বেশ বড় একটা সমস্যা, এটা আমার ভাবনাকে এমনভাবে আঁকড়ে[2] ধরেছে যে এটা ছাড়া আমি আর কিছুই ভাবতে পারি না, আমি কিছু করতে পারি না। সামান্য শ্লেষ্মা গলায় প্রচণ্ড অস্বস্তি হয় এবং এটাকে বের করতে আমাকে এক মিনিট ধরে গলা খাঁকারি দিতে হয়, নচেৎ আমি অস্বস্তি বোধ করি। এক ঘন্টায় ৪/৫ বার গলা খাঁকারি দেয়ার পর আমি সম্পূর্ণভাবে ক্লান্ত বোধ করি। কখনো কখনো কফের সাথে লাল কষ দেখা যায় এতে মনে হয় ভাবনা হয় ভিতরে মারাত্মক কিছু হয়েছে।"

ডাঃ- "আপনি ইতোমধ্যে একজন ইএনটি (ENT) সার্জনকে দিয়ে চেক আপ করিয়েছেন, তাই চিন্তা করবেন না গলার সংক্রমণ যা কোমল পানীয় ও জাঙ্ক ফুডের কারণে হয়েছে।"

রোগী: "স্যার, আমি আমার খাবার খাওয়ার সময় চরম সতর্কতা[3] অবলম্বন করি। আমি সাধারণত কুসুম কুসুম গরম পানি পান করি এবং বাইরের খাবার এড়িয়ে চলি। শুধু বিদেশ ভ্রমণের সময় আমাদের নিয়ন্ত্রণ কর্তার ছিল পার্টি ছিল এবং আমি ভাল ওয়াইনের লোভ সম্বরণ করতে পারিনি এবং আমি ইচ্ছামত[4] ভালো ভালো খাবার খেয়েছিলাম। তাছাড়া ভারতে আমি সম্পূর্ণ নিয়ন্ত্রণ করে চলি। আমার খাবার এবং অভ্যাসের উপর কঠোর নিয়ন্ত্রণ থাকার স্বত্ত্বেও আমি কেন পুরোপুরি আরোগ্য হচ্ছি না। আমি সত্যিই উদ্বিগ্ন কারণ আমার মনে হয় ভিতরে কোন বড় সমস্যা হয়েছে, যা বিষয়টিকে জটিল করেছে।

ডা: "না, এটা শুধু গলার সংক্রমণ এবং দ্রুত আরোগ্য হয়ে উঠবেন। এত বেশী আতঙ্কিত হবেন না।"

রোগী: আমি এই ধরনের সমস্যার অনেক মানুষের পরিণামে অনেক জটিলতা দেখেছি। আমি জানি আপনি একজন ভাল ডাক্তার কিন্তু আমি এমন একজন মানুষ, যে শাররীক ও মানসিক উভয় দিকে দুর্বল সাথে চিন্তা

হয় যে, ভিতরে কিছু একটা হচ্ছে। দয়া করে কিছু একটা করুন যাতে যত দ্রুত সম্ভব আমি এই সমস্যা থেকে নিষ্কৃতি পাই।"

**আমি নতুন করে চিন্তা করলামঃ**

যখনই রোগী কোনো সমস্যায় ভোগে তখন প্রত্যেকবার কেন সে একইভাবে অভিযোগ করে। গ্যাস্ট্রিকের সমস্যার সময় বলত,"ভিতরে কিছু একটা হচ্ছে যা দুরারোগ্য এবং এর কারণে আমি এত বেশী যন্ত্রণা ভোগ করছি।"

পুনঃপুন মাথাব্যথার সময়ও, "মাথার ভেতর কোন টিউমার বা অন্যকিছু আছে, কোন ঔষধেই আমার মুক্তি হবে না। নিশ্চিত হওয়ার জন্য আমরা কি কিছু টেস্ট করাব।"

ঠাণ্ডা এবং কাশির জন্য, "এটা যাচ্ছে না কেন, সাধারণ ভাইরাল সংক্রমণ হলে তো ৫-৭ দিনেই সেরে যাওয়ার কথা? স্বাস্থ্য দপ্তর থেকে বিজ্ঞাপন দেয়া হচ্ছে যে, কাশি যদি ১৫ দিনের মধ্যে নিরাময় না হয় এটা সাধারণ কাশি নয় কিন্তু গুরুতর কিছু হয়েছে।

প্রত্যেকটি সাধারণ তুচ্ছ সমস্যার জন্য সে চিকিৎসক অথবা বিশেষজ্ঞের কাছে যাবে শুধু নিশ্চিত হতে যে, এটা গুরুতর কোন সমস্যা কি-না। সে ব্যথা নাশক ঔষধ, ভিটামিন সাপ্লিমেন্ট, আয়ুর্বেদিক ঔষধের সাথে হোমিওপ্যাথিক (প্রাকৃতিক) ঔষধ খেত যাতে সে দ্রুত আরোগ্য হতে পারে।

কেন সে এত বেশী উদ্বিগ্ন? কেন সে সব সময় মনে করে তার ভিতরে গুরুতর কিছু একটা হচ্ছে।

আমি তাকে হায়োসিয়ামস দিয়েছিলাম কারণ আমি মনে করেছিলাম যে, মহিলা ভয় পেয়েছিল যে, তার ভিতরে কিছু একটা হচ্ছে যা সে এবং ডাক্তারের কাছে অজানা। এটা তাকে এমন অনভূতি দেয় যে, এটা তাকে অন্য সমস্যায় চালিত করতে পারে যে বিষয়ে তার কোনো ধারণা নেই। উপরন্তু এটা অন্য কোনো সমস্যা হতে পারে। হয় সে পূর্বে যন্ত্রণা ভোগ করেছে অথবা সে তার পরিবারে কিংবা বন্ধুদের কাউকে ভোগ করতে দেখেছে।

GROPING as if in the dark (যেন অন্ধকারে হাতড়ায়)
FEAR – dark, of (ভয়, অন্ধকারের)

FEAR – injury – being injured; of (ভয়, আঘাতের, আহত হচ্ছে)

কিন্তু এই কেসে সে তার বর্তমান সমস্যার বিষয়ে বলছে ভবিষ্যত সম্পর্কে নয়। সে তার বর্তমান কষ্টের বিষয়ে অভিযোগ করছে সে যা সহ্য করতে অক্ষম। সে দুর্বলতার মতো শব্দ দিয়ে এই অনুভূতি প্রকাশ করছে যা ক্রমাগত যন্ত্রণার সাথে শারীরিক ও মানসিক স্বাস্থ্য উভয় অবস্থা গ্রাস করছিল।

রোগী অনুভব করত যে, বর্তমান সমস্যা তাকে চরমভাবে কষ্ট দিচ্ছে এবং কোনো চিকিৎসাই তাকে সাহায্য করছে না, সে সম্পূর্ণ অসহায় হয়ে গেছে এবং এই অবস্থা থেকে বের করে আনার জন্য চিকিৎসককে যতটা সম্ভব নিচু হয়ে অনুরোধ করেন।

DESPAIR – pains, with the (হতাশা, ব্যথার সাথে)
DESPAIR – chill, during (হতাশা, শীতলতার সময়)
DESPAIR – recovery, of (হতাশা, আরোগ্যের)

ভিরেট্রাম এল্বামে হায়োসিয়ামাসের মত অন্ধকারের ভয় (fear of dark) বা অন্ধকারে হাতড়ানো (groping as if the dark) নেই। অন্ধকার অংশ যা, যে রোগ নেই সেই সম্বন্ধে সন্দেহপ্রবণতা সৃষ্টি করে। এখানে সে উপলব্ধি করে যে, তার খারাপ রোগ আছে যা তাকে একটানা যন্ত্রণা দিচ্ছে।

DELUSIONS – persecuted – he is persecuted (ভ্রান্তবিশ্বাস, নির্যাতিত, সে নির্যাতিত হয়)

যন্ত্রণার কারণে সে চরম মনোকষ্ট অবস্থায় চলে যায়।

ANGUISH (নিদারুণ মনোকষ্ট)

চিকিৎসক, বিশেষজ্ঞ, তার পরিবারের সদস্যরা তাকে আশ্বাস দেয় তার গুরুতর কোন সমস্যা হয় নি কিন্তু সে এই আশ্বাসে স্বস্তি পায় না।

INCONSOLABLE (সান্ত্বনার অতীত)

চরম দুর্ভোগের কারণে তার এই অবস্থা এবং মনে করে তার মারাত্মক খারাপ কিছু হয়েছে।

DELUSIONS – Cancer, has a (ভ্রান্তবিশ্বাস, একটি ক্যান্সার আছে)

শুরুতে, যখন আমি মানসিক অবস্থার উপর প্রেসক্রিপশন করা শুনেছিলাম, আমি মনে করতাম যে, যখনই কষ্টভোগ চরম আকার ধারণ এবং মনে করে রোগের সাথে মৃত্যুর সম্পর্ক থাকে তখনই এটা ক্যান্সার।

Cancer =Death+Suffering (মৃত্যুর মত যন্ত্রণা)

একমাত্রা ভিরেট্রাম এল্বাম ৩০ কেসটির মীমাংসা করেছিল এবং উপরে আলোচিত রুব্রিকের সাথে নিম্নলিখিত রুব্রিকগুলো নেয়া হয়েছিলঃ

১. DELUSIONS – persecuted – he is persecuted (ভ্রান্তবিশ্বাস, নির্যাতিত, সে নির্যাতিত হয়)
২. DELUSIONS – possessed, being (ভ্রান্তবিশ্বাস, দখল হয়ে যাচ্ছে)
৩. CAUTIOUS (সাবধানী)
৪. GOURMAND (পান ভোজন বিলাসী)

আসুন ভিরেট্রাম এল্বামের প্রথম রুব্রিক DELUSIONS – Cancer, has a নিয়ে আলোচনা করি। আপনি যদি অভিধানে ক্যান্সারের অর্থ খোঁজেন তাহলে দেখবেন বর্ণনা করা আছে "খারাপ বা ক্ষতিকারক কিছু যা ছড়িয়ে যাচ্ছে, ধ্বংস করছে।"

ভিরেট্রাম এল্বামের বিভ্রম হয়েছে যে, তার ক্যান্সার আছে। ক্যান্সার হলো মারাত্মক বৃদ্ধি যা অনিয়ন্ত্রিত এবং শরীরের অন্যান্য অংশে ছড়িয়ে যায়। ক্যান্সারকে একটা বিপজ্জনক ব্যাধি হিসেবে বিবেচনা করা হয়। এর মানে এটা শুধু দুরারোগ্যই ব্যাধিই নয়, এটা দেহের ভিত্তি ধরে বিস্তৃত হয় এবং সম্পূর্ণ সিস্টেম ধ্বংস না হওয়া পর্যন্ত এটা থামে না।

সাধারণ ভাষায় আমরা বলি যে, যদি কারো ক্যান্সার থাকে তাহলে তার আরোগ্যের সম্ভাবনা থাকে না, যার চরম ফল মৃত্যু, সাথে ভয়ানক যন্ত্রণা। ভিরেট্রাম এল্বাম তখনই ডাক্তারের কাছে আসে যখন সে নিজে এ অবস্থায় প্রাপ্ত হয় যে, তার ক্যান্সার হয়েছে এবং তার সবকিছুই শেষ হয়ে গেছে। এই সমস্যা থেকে পালানোর জন্য তার কোনো পথই খোলা নেই। যখন সে অনুভব করে যে কোনো ইতিবাচক ফলাফল পাওয়ার সম্ভাবনা নেই বরং সে চায় না এমন চূড়ান্ত অনিবার্য পরিণতি এবং ফলাফল গ্রহণ করতে ভীত হয়।

ভিরেট্রাম এল্বাম বিশ্বাস করে তার ক্যান্সার আছে এবং কোনো পরিমাণ যুক্তি বা সান্ত্বনা তাকে বিশ্বাস থেকে নড়াতে পারে না। একদিন এই ভাবনা তার মাথার মধ্যে এমন ছাপ ফেলে তখন এটি বের করে দেয়া খুবই কষ্টকর।

(IMPRESSIONABLE (সান্ত্বনার অতীত)/THOUGHT; persistent (চিন্তা, অটলভাবে করে)/ THOUGHTS; rush, flow of (চিন্তা, প্রবাহ, দ্রুত গতিতে) / HYPOCHONDRIASIS (চিত্তোন্মাদ)

যখনই সে ব্যথা পায় কিংবা তার যন্ত্রণা শুরু হয় এবং একটা বিভ্রমের মধ্যে চলে যায় যে, তার ক্যান্সার হয়েছে এবং যন্ত্রণায় সে উন্মত্ত হয়ে যায় এবং নিদারুণ যন্ত্রণা অবস্থা প্রাপ্ত হয়। ভিরেট্রাম এল্বাম আদৌ এই অবস্থার মতো নয় এবং যতদ্রুত সম্ভব এই অবস্থা থেকে বের হয়ে আসতে চায়।

CARRIED desire to be, fast (বাহিত, দ্রুত বাহিত হতে চায়)

এমনকি শরীরে শীতল ঘাম, তীব্র যন্ত্রণার পর নিস্তেজ হয়ে গেলেও ভিরেট্রাম এল্বাম ওই অবস্থায় থাকতে পারে না। সে যথাশীঘ্র এই অবস্থা থেকে মুক্তি চায়।

ESCAPE, attempts to – jumps up suddenly from bed (অব্যাহতির প্রচেষ্টা, হঠাৎ করে বিছানা থেকে লাফ দেয়)

কিন্তু সে দুর্ভোগের সাথে এত বেশী আষ্টেপৃষ্ঠে জড়িয়ে থাকে যে, তাকে সান্ত্বনা দিয়ে মুক্তি দেয়া যাবে না। সে উপলব্ধি করে যে, তার দুরারোগ্য ব্যাধি হয়েছে এবং কোনো কথাই তাকে এই অনুভূতি থেকে মুক্তি দিতে পারে না।

INCONSOLABLE; misfortune, over imagined (সান্ত্বনার অতীত, দুর্ভাগ্য অতিরিক্ত কল্পনা করে)

তৎসত্ত্বেও, তার মনে সৃষ্ট কল্পিত সমস্যা বিলাসী এবং ধনীর মত জীবন যাপন পরিত্যাগ করতে ইচ্ছুক নয়

DELUSIONS; prince, he is a (ভ্রান্তবিশ্বাস, সে রাজপুত্র)

GOURMAND (পান ভোজন বিলাসী)

ভিরেট্রাম এল্বাম GOURMAND (যে ব্যক্তি খাদ্য ও পানীয়ে আসক্ত) তৃপ্ত না হওয়া পর্যন্ত সে প্রশ্রয় দিয়ে যাবে।

GOURMAND এর সমার্থক শব্দ EPICUREAN (প্রমোদপ্রিয়) (কোনো ব্যক্তি পরিশীলিত ইন্দ্রিয় সেবায় অনুরক্ত বিশেষকরে খাদ্য ও পানীয়ে) যাই হোক EPICUREAN (প্রমোদপ্রিয়) ভাল ধাঁচের যেখানে GOURMAND সে রকম নয়।

সে সামাজিক বৃত্তে তার মর্যাদা বজায় রাখতে চায় এবং সমাজে তার সুনাম ক্ষুণ্ন হতে পারে এ আশঙ্কায় তার সমস্যার কথা বলে না।

FEAR – social position; about his (ভয়, তার সামাজিক অবস্থান সম্পর্কে)

আমার একটা কণ্ঠনালীর ক্যান্সার রোগীর কেস ছিল, যেখানে রোগী প্রচন্ড ব্যথা পেত কিন্তু সে ব্যথার জন্য চিৎকার করত না বরং সে ব্যথাকে এমনভাবে নিয়ন্ত্রণ করত যে, ঠান্ডা শীতের রাতেও সে প্রচুর ঘামত। সে এই কাজ করত যেন তার প্রতিবেশীরা জানতে না পারে যে, সে ব্যথা সহ্য করতে পারছে না এবং স্বাভাবিক মানুষের মত কাঁদত।

ভিরেট্রাম এল্বাম নিজেকে বিশেষ কেউ হিসেবে বিবেচনা করে এবং যে কিনা নিজেকে সম্পদশালী দেখাতে চায়।

BOASTER; rich, wishes to be considered as (দাম্ভিক, সম্পদশালী হিসেবে বিবেচিত হতে চায়)

তার মূলত ২টি জিনিস আছে যা তার উদ্বেগ, যখন সে অসুস্থ হয়। একটা তার ভাবনা সে তার ব্যধি দুরারোগ্য এবং তার মধ্যে এখন অবশ্যই ক্যান্সার বিকশিত হচ্ছে।

FEAR; disease, of impending – incurable, of being (ভয়, আসন্ন, দুরারোগ্য রোগের)

এবং অন্যটি হলো তার অসুস্থতা যদি প্রকাশিত হয় তার সমাজিক মর্যাদার উপর প্রভাব পড়বে যা বর্তমানে সে উপভোগ করছে।

সে নিশ্চিত যে, সে যে অবস্থায় আছে তাকে এমনভাবে যন্ত্রণা দিচ্ছে যে, তার সমস্ত মনোযোগ এক জায়গায় কেন্দ্রীভূত এবং এর বাইরে অন্য কিছুই করতে পারে না। উপরন্তু সে মনে করে যে, এই সমস্যা তার সবকিছু সম্পূর্ণরূপে ধ্বংস করে ফেলছে যা উদ্ধার করা আয়ত্বের বাইরে।

DELUSIONS – doomed, being (ভ্রান্তবিশ্বাস, দণ্ডপ্রাপ্ত হচ্ছে)
DELUSIONS – murdered – will be murdered; he (ভ্রান্তবিশ্বাস, হত্যা করা হবে, তাকে হত্যা করা হবে)
DELUSIONS – persecuted – he is persecuted (ভ্রান্তবিশ্বাস, নির্যাতিত, সে নির্যাতিত)

DELUSIONS – possessed, being (ভ্রান্তবিশ্বাস, দখল হয়ে যাচ্ছে)
DELUSIONS – ruined – is ruined; he (ভ্রান্তবিশ্বাস, ধ্বংস, সে ধ্বংস হচ্ছে)

আমাকে অন্য একটি কেস বর্ণনা করতে দিন যেখানে ক্যান্সার রোগীর অবস্থা প্রতিকৃতি অঙ্কন করা হয়েছে।

আমার মুম্বাইয়ের এক সহকর্মী ডাক্তার একজন ৫৫ বছর বয়সি ক্রনিক কিডনি রোগের (CKD – Chronic Kidney Disease) রোগীকে আমার কাছে পাঠিয়ে ছিল। সে ফোন করে আমার কাছে সময় নিয়েছিল।

রোগী: "আমাকে XYZ কিডনি রোগের সমস্যার জন্য আপনার কাছে রেফার করেছে। দয়া করে আপনি আমাকে সাক্ষাতের জন্য সঠিক সময় দিন, আমার ওই সকল ডাক্তারদের বিষয়ে খুব খারাপ অভিজ্ঞতা আছে তারা কখনো রোগীদের সময় দেখে না।"

ডা.: "সকল ডাক্তার এক রকম নয়।"

রোগী: (হেসে) "আমাকে আগের কয়েকজন প্রথিতযশা চিকিৎসকের সাথে তিনটি অভিজ্ঞতার কথা বলতে দিন। যে ডাক্তার আমাকে আপনার কাছে রেফার করেছে সে আমাকে ১ঘন্টা বসিয়ে রেখেছিল। ঐ শালা (Bloody) অন্য এক রোগীর সাথে গল্প মারছিল। আমি কিছু মনে করি না যদি সে নায়িকা হয় বা কোনো সুন্দরী বেশ্যা হয় কিন্তু এই ডাক্তারের জন্য না, আমি একঘন্টা অপচয় করব আর বাইরে যন্ত্রণা ভোগ করব।

মুম্বাইয়ের নেফ্রোলজিস্ট সময়মত আসেনি। যখন আমি তাকে ফোন করেছিলাম সে বলেছিল যে, সে ট্রাফিক জ্যামে আটকে আছে, কিন্তু আমি তার গাড়িতে বেশ্যার খিলখিলে চাপা হাসি শুনলাম। শালার সব ডাক্তারই মিথ্যুক। আমি বললাম যেখানে আপনার রোগী মারা যাচ্ছে সেখানে আপনি মজা মারছেন।

সর্বশেষ, যখন আমি দিল্লীতে ছিলাম, একটি নামকরা হাসপাতালের বেসরকারী ওয়ার্ডে আমাকে ৩ ঘন্টা অপেক্ষা করতে হয়েছিল। আমার শর্করার মাত্রা কমে গিয়েছিল এবং আমি অচেতন হয়ে গিয়েছিলাম এবং তারা আমাকে ৪ দিন আইসিইউতে রেখেছিল যাতে প্রায় দেড় লাখ টাকা খরচ হয়।

তাই আমাকে সঠিক সময় বলুন যেন আমাকে দায়িত্ব জ্ঞানহীন ডাক্তারের দোষে দুর্ভোগ পোহাতে না হয়।"

ডা.: "ঠিক আছে, আপনি আগামীকাল সকাল ১০ টায় আসুন।"

পরের দিন সে ১০ টার সময় আমাকে ফোন করে বলেছিল সে ভয়ানক জ্যামে আটকে আছে আসতে ২০ মিনিট দেরি হবে। সে আধা ঘন্টা পর আমার ক্লিনিকে প্রবেশ করল এবং আমি তাকে সময়মত দেখার চেষ্টা করলাম।

রোগীঃ "ডাক্তার বাবু, আমিও আধা মহোন্তি যেহেতু আমার ছেলের মা উড়িষ্যার, আপনাদের কাস্টের। যখন আমার বাবা উড়িষ্যায় থাকতেন তখন আমি প্রেমে পড়ে বিয়ে করেছিলাম। কিন্তু এখন আমরা আলাদা থাকি। আমি আমার ছেলের সাথে থাকি এবং আমি সমস্ত সহায় সম্পত্তি কোটি টাকায় বিক্রি করে দিল্লী চলে আসি এবং মুম্বাইয়ে সেটল হই।

ডাঃ "আমাকে আপনার সমস্যার কথা বলুন?"

রোগীঃ (হেসে) রোগ বা শয়তান যাই বলুন সবকিছুই সবকিছুই এখানে আছে (শরীরের দিকে ইঙ্গিত করে)। আমি আশ্চর্য হয়ে যাই পৃথিবীতে এমন কোনো রোগ কি আছে যা আমার শরীরে নেই? আমি সারা জীবন ধরে বহু সমস্যায় আক্রান্ত হয়েছি কিন্তু গত দুই বছর ধরে আমি কিডনি সমস্যায় আক্রান্ত। আমি সারা দেশে এবং বিদেশে বহু ডাক্তার, কিডনি রোগ বিশেষজ্ঞের চিকিৎসা নিয়েছি কিন্তু আমার মূত্রাশয় সম্পর্কিত রোগ দিনকে দিন অবনতি হয়েছে। গত দুই মাস আগে ডাক্তার আমাকে শেষ কথা বলে দিয়েছে যে, আমি যদি ডায়ালাইসিস না করি আমি কয়েক সপ্তাহের বেশী বাঁচব না। আমার Hb 4gm, ক্রিটেনিন ৬.৭ অন্যান্য প্যারামিটার যেমন প্রোটিন, প্যারাথাইরয়েড হরমোনের মাত্রা খুব বেশী।

ডাঃ "প্যারামিটার উঁচুতে থাকলে আপনাকে কি সমস্যা মোকাবিলা করতে হয়?"

রোগীঃ "বোকার মত প্রশ্ন করবেন না। আমি যদ্দুর জানি হোমিওপ্যাথিক ডাক্তাররা ফালতু প্রশ্ন করতে ওস্তাদ। স্পষ্টতঃ আমার বমি বমি ভাব, বমি, মাথাঘোরা, ক্ষুধামান্দ্য এবং এমন কি আমার দৈনন্দিন কাজ করতেও কোনো শক্তি পাই না। যখন আমি উঠতে চেষ্টা করি, মাথার মধ্যে চক্কর দেয় এবং আমি শুয়ে পড়ি। আমি যেন শাক-সজির মত প্রায় বিছানায় আবদ্ধ। আমি জানি আমার ছেলেও আমার মুক্তি চায়। অপ্রয়োজনীয় ব্যক্তির দেখভাল কে করে।"



২—